শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১২৫.১৯-৬১৩

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬ ব.
২৬ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৩০৮/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৩০৮/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৩০৮/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৮৩০৮/২০১৯ | জনাব মো: আনারুল হক, সহকারী শিক্ষক (আইসিটি/ কম্পিউটার), দুধিপুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, উপজেলা- ফুলবাড়ী, জেলা- দিনজপুর। | সচিব, টিএমইডি, ডিজি, ডিএমইসহ মোট ০৩ (তিন) জন। | দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন দুধিপুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা'র সহকারী শিক্ষক (আইসিটি/কম্পিউটার) জনাব মো: আনারুল হক কর্তৃক "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর আবশ্যকীয় শর্তাবলী পূরণ করার পরেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (ডিএমই) কর্তৃক তার নাম এমপিওভুক্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় বর্ণিত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ (১৯/৪/১৯৯৯) হতে তার নাম এমপিওভুক্ত করে বকেয়া বেতন-ভাতাদি ও চাকুরীগত অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: আনারুল হক কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৮৩০৮/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৮/৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে পিটিশনার কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর আবশ্যকীয় শর্তাবলী পূরণ করার পরেও তার নাম এমপিওভুক্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করা কেন বেআইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনারকে বর্ণিত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ (১৯/৪/১৯৯৯) হতে তার নাম এমপিওভুক্ত করে বকেয়া বেতন-ভাতাদি ও চাকুরীগত অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৫/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮৩০৮/২০১৯ মামালার ২৮/০৭/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৫/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/১১/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।